



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখ : ১৪/০৮/২০১৮খ্রি:

## গোলাম সারওয়ার এর মৃত্যুতে ববি উপাচার্যের শোক প্রকাশ

দেশবরেণ্য সাংবাদিক, প্রেস ইনস্টিটিউটের (পিআইবি) চেয়ারম্যান, সম্পাদক পরিষদের সভাপতি এবং দৈনিক সমকাল পত্রিকার সম্পাদক গোলাম সারওয়ার এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মুক্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, গোলাম সারওয়ার এর মৃত্যুতে দেশ একজন বরেণ্য পেশাদার সাংবাদিক এবং মুক্তিযুদ্ধের চেতনার ধারক ও বাহক কে হারালো, যাঁর শূন্যতা অপূরনীয়। বস্তুনিষ্ঠ সাংবাদিকতা ও অসামান্য পেশাদারিত্বের মাধ্যমে সংবাদপত্রকে জাতির পথনির্দেশনার বাতিঘর হিসেবে গড়ে তুলতে তিনি অগ্রণী ভূমিকা পালন করেন। মুক্তিযুদ্ধ ও সংবাদমাধ্যমে তাঁর অবদান জাতি চিরকাল বিনশ্চিহ্নে স্মরণ করবে। উপাচার্য মহোদয় মরহুমের রুহের মাগফিরাত কামনা ও তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস